

বাংলাদেশ ব্যাংক

Website:www.bb.org.bd

প্রধান কার্যালয়
ডাকবাস্তি নং ৩২৫
ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং-০২

৮ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ -----
২০ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

শ্রিয় মহোদয়,

অগ্রিম-আমানত হার (ADR)/বিনিয়োগ-আমানত হার (IDR) প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের জানুয়ারি ৩০, ২০১৮ তারিখের ডিওএস সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলারে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত প্রচলিত ধারার ব্যাংকের জন্য অগ্রিম-আমানত হার (ADR) সর্বোচ্চ ৮৩.৫০ শতাংশ (80.5 শতাংশ + সার্বিক আর্থিক সূচকসমূহ বিবেচনায় ব্যাংকের পর্যবেক্ষণের সিদ্ধান্তক্রমে 3.0 শতাংশ অতিরিক্ত) এবং ইসলামী শরীয়াত ভিত্তিক ব্যাংক এবং প্রচলিত ধারার ব্যাংকের ইসলামী ব্যাংকিং কার্যক্রমের জন্য বিনিয়োগ-আমানত হার (IDR) সর্বোচ্চ ৮৯.০ শতাংশ (88.0 শতাংশ + সার্বিক আর্থিক সূচকসমূহ বিবেচনায় ব্যাংকের পর্যবেক্ষণের সিদ্ধান্তক্রমে 1.0 শতাংশ অতিরিক্ত) -তে নির্ধারণপূর্বক যে সব ব্যাংকের অগ্রিম-আমানত হার (ADR) / বিনিয়োগ-আমানত হার (IDR) বর্ণিত সীমার বেশি রয়েছে সে সব ব্যাংক-কে জুন ৩০, ২০১৮ তারিখের মধ্যে ক্রমান্বয়ে তা নির্ধারিত মাত্রায় আবশ্যিকভাবে নামিয়ে আনার নির্দেশ দেয়া হয়েছিল।

০৩। এই নির্দেশনার আংশিক পরিবর্তনক্রমে পরিপালনের সময়সীমা জুন ৩০, ২০১৮ এর পরিবর্তে ডিসেম্বর ৩১, ২০১৮ পর্যন্ত পুনঃ নির্ধারণ করা হলো। এক্ষেত্রে, জানুয়ারি ৩০, ২০১৮ তারিখ বা তার পূর্বে ব্যাংক কর্তৃক গ্রাহকের অনুকূলে প্রদত্ত Commitment বর্ণিত সময়সীমার মধ্যে (অর্থাৎ ডিসেম্বর ৩১, ২০১৮ এর মধ্যে) Funded খণ্ডে পরিণত হলে এবং এর ফলে ০২ নং অনুচ্ছেদে বর্ণিত অগ্রিম-আমানত হার (ADR)/বিনিয়োগ-আমানত হার (IDR) -এর ক্রমহাসের পরিবর্তে সাময়িক বৃদ্ধিজনিত বিষয়টি সার্কুলারের নির্দেশনার লংগ্যন হিসেবে বিবেচনা করা হবে না। তবে, এরূপ ক্ষেত্রেও ডিসেম্বর ৩১, ২০১৮ এর মধ্যে অগ্রিম-আমানত হার (ADR)/বিনিয়োগ-আমানত হার (IDR) নির্ধারিত সীমায় নামিয়ে আনার বিষয়টি নিশ্চিত করতে হবে।

০৪। এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(নুরুল নাহার)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩